

বিজ্ঞপ্তি

৮০.১১২.০১১.০০.০০.০০৬.২০১৭-২০১৭

তারিখ : ২৫.১০.২০১৭খ্রিঃ।

বিষয় : রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ড্রইং) ও উপ-সহকারী প্রকৌশলী (টেলিকমিউনিকেশন) পদে নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রেলপথ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ রেলওয়ের উপ-সহকারী প্রকৌশলী (ড্রইং) ও উপ-সহকারী প্রকৌশলী (টেলিকমিউনিকেশন) পদে নিয়োগের জন্য অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্র ও সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র : শেরে বাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা
লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ১৫.১১.২০১৭, বেলা ১:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত

পরীক্ষার্থীদের জন্য লিখিত পরীক্ষা সম্পর্কিত নির্দেশাবলী :

১. উক্ত ২ (দুই) ক্যাটাগরি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের নামে কোন প্রবেশপত্র প্রেরণ করা হবে না। কমিশনের ওয়েবসাইট(www.bpsc.gov.bd) হতে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করবেন।
 ২. প্রবেশপত্র ছাড়া কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে প্রদত্ত ছবি ও স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 ৩. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্তত ১৫ মিনিট পূর্বে পরীক্ষার কক্ষে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।
 ৪. সংশ্লিষ্ট প্রার্থীদেরকে বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয়সহ ৪টি বিষয়ের একটি সমন্বিত প্রশ্নপত্র প্রদান করা হবে। নির্ধারিত ৩ ঘণ্টা সময়ের মধ্যে তাদেরকে ৪টি বিষয়ের উত্তর প্রদান করতে হবে।
 ৫. প্রত্যেক পরীক্ষার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান এবং টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করা যাবে না; একাধিক বিষয়ে উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হিসেবে গণ্য হবে।
 ৬. প্রশ্নপত্রে ৪টি বিষয়ের জন্য আলাদা আলাদা বিষয় কোড থাকবে। বিষয় কোড সংশ্লিষ্ট উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করতে হবে, অন্যথায় উত্তরপত্র বাতিল হয়ে যাবে।
 ৭. পরীক্ষা কক্ষে মোবাইল ফোন, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, সকল ধরনের ইলেকট্রনিক যোগাযোগযন্ত্র, বই-পুস্তক, সাইনটিক্যাল ক্যালকুলেটর, ব্যাগ ইত্যাদি আনা/বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। কোন পরীক্ষার্থী উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী বহন করেছেন কিনা তা পরীক্ষার জন্য পরীক্ষা হলে এবং গেটে বিশেষ তত্ত্বাবধায়ক অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে বর্ণিত সামগ্রী পাওয়া গেলে বা কোন প্রার্থী অসদুপস্থিতি অবলম্বন বা অশোভন আচরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
 ৮. হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই হতে হবে। বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।
- * পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
- * চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)